

সি.এন্ড.বি. ঘাট পশুর হাট ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফরিদপুর সদর উপজেলাধীন ডিক্রিচর ইউনিয়নে অবস্থিত নিম্নবর্ণিত পশুর হাট বাংলা ১৪২৯ সনের ৩০ চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের লক্ষ্যে শর্তসাপেক্ষে আত্মহী ব্যক্তি/সংস্থা/ পেশাজীবীদের নিকট থেকে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। প্রথম পর্যায়ে দরপত্র পাওয়া না গেলে বা দরপত্রে সন্তোষজনক দর না পাওয়া গেলে পরবর্তী তারিখসমূহে পর্যায়ক্রমে সিডিউল বিক্রয় ও দরপত্র গ্রহণ করা যাবে এবং এর জন্য আলাদা দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।

ক্র: নং	ইউনিয়ন	হাট-বাজারের নাম	বাংলা ১৪২৯ সনের সরকারি মূল্য(টাকায়)	সিডিউলের মূল্য (টাকায়)
১.	ডিক্রিচর	সি.এন্ড.বি. ঘাট পশুর হাট	৩,৫০,০০০/-	১,৪০০/-

দরপত্র/সিডিউল বিক্রয়/গ্রহণের সময়সূচি:

দরপত্র আহ্বানের পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম পর্যায়	২৪ মে/২০২২ খ্রি. ১০ জ্যৈষ্ঠ/১৪২৯ বঙ্গাব্দ বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত	২৫ মে/২০২২ খ্রি. ১১ জ্যৈষ্ঠ/১৪২৯ বঙ্গাব্দ বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত	দরপত্র দাখিলের দিন বিকাল ৩-০০ ঘটিকায় দরপত্র খোলা হবে।	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফরিদপুর সদর-এ উপস্থিত দরদাতার সম্মুখে(যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
২য় পর্যায়	১২ জুন/২০২২ খ্রি. ২৯ জ্যৈষ্ঠ/১৪২৯ বঙ্গাব্দ বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত	১৩ জুন/২০২২ খ্রি. ৩০ জ্যৈষ্ঠ/১৪২৯ বঙ্গাব্দ বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত	দরপত্র দাখিলের দিন বিকাল ৩-০০ ঘটিকায় দরপত্র খোলা হবে।	
৩য় পর্যায়	২৯ জুন/২০২২ খ্রি. ১৫ আষাঢ়/১৪২৯ বঙ্গাব্দ বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত	৩০ জুন/২০২২ খ্রি. ১৬ আষাঢ়/১৪২৯ বঙ্গাব্দ বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত	দরপত্র দাখিলের দিন বিকাল ৩-০০ ঘটিকায় দরপত্র খোলা হবে।	


- দরপত্র/সিডিউল বিক্রয়ের স্থান: (ক) জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফরিদপুর সদর।
(গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ফরিদপুর সদর।
(ঘ) কোতয়ালী থানা, ফরিদপুর।
(ঙ) সোনালী ব্যাংক লি:, সদর উপজেলা কমপ্লেক্স শাখা, ফরিদপুর।

- দরপত্র দাখিলের স্থান: (ক) জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।
(খ) পুলিশ সুপারের কার্যালয়, ফরিদপুর।
(গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফরিদপুর সদর।
(ঘ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ফরিদপুর সদর।

হাট-বাজার ইজারার শর্তাবলী:

- ১। বাংলা ১৪২৯ সনের ৩০ চৈত্র পর্যন্ত পশুর হাট ইজারা দেয়া হবে।
- ২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বনে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।

- ৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫%(শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। আয়কর কোড নং ১/১১৪১/০০১০/০১১১ এবং ভ্যাট কোড নং ১/১১৩৩/০০০৫/০৩১১।
- ৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।
- ৫। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাটের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
- ৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।
- ৮। সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ৯। ইজারাদার কোন ক্রমেই হাট অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্য দিবসের মধ্যে ৩০০(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
- ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
- ১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক পশুর হাট ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদার কে প্রদান করা হবে।
- ১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ১৭। নতুন পশুর হাট নির্ধারিত ১৯.৭৮(উনিশ দশমিক সাত আট) শতক জমির মধ্যে প্রতি সপ্তাহে একদিন শনিবার বসাতে হবে। তবে নতুন পশুর হাট স্থাপনের ক্ষেত্রে আনুষ্ঠানিক কাজ অথবা অতিরিক্ত জমির প্রয়োজন হলে সেক্ষেত্রে অফিস এ কাজে কোনোক্রমেই ব্যয় বহন করবে না। এ কাজ ও কাজের ব্যয় ইজারাদারের নিজস্ব তহবিল হতে করতে হবে।
- ১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


০৩/০৩/২২


(লিটন ঢালী)

উপজেলা নির্বাহী অফিসার

ফরিদপুর সদর

ফোন : ০৬৩১-৬২৫০২

E-mail: unofaridpur@mopa.gov.bd.


০৩/০৩/২২